ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
(ISO 9001:2015 Certified)
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।
ফ্যাক্স নং-০৮৫১-৫৭৫৫০
ফোন নং- ০৮৫১-৫৭৫০০
ই মেইল নং- **bbariapbs@yahoo.com**

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২১. ৯৫৩

তারিখঃ ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১১ জানুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এ "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে নিম্নোক্ত শর্তানুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "বিলিং সহকারী" পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকার স্থানীয় বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | প্রার্থীর যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১। | বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত) | ১০ টি (পদ সংখ্যা কম বেশি হতে পারে)। | ৩০/০১/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩০ বছর। | (ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে।<br>(গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা এবং গানিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে। | ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া সদর, নবীনগর, আখাউড়া, কসবা, নাসিরনগর, বিজয়নগর, সরাইল, আশুগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা) শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (www.pbs.brahmanbaria.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্ষণ-০১) ডাউনলোড পূর্বক স্বহস্তে পূরণ করে আগামী ৩০/০১/২০২১ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে **"জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ৩০/০১/২০২১ খ্রিঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩০ বছর। বয়সের প্রমাণক হিসাবে এসএসসি'র সনদপত্র বিবেচনা করা হবে।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৫। বর্ণিত শূন্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন সময়ে কম/বেশি হতে পারে।

০৬। প্রার্থী কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদানকৃত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে আবেদকারীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৭। এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে প্রবেশপত্র ইস্যু করে রেজিষ্টার্ড ডাকের মাধ্যমে জানানো হবে এছাড়াও পূরণকৃত ফরমের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী চূড়ান্ত/বাছাই করা হবে।

১১। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত হলে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরসহ যে কোন জোনাল/সাব জোনাল অফিস এ চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৩। আবেদনকারীকে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের আবেদনপত্র স্বহস্তে পূরন করে চাহিত কাগজপত্রাদিসহ প্রেরণ করতে হবে।

২১/১/২০২২

(প্রকৌশলী মোঃ শহিজাহান তালুকদার)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। ডিজিএম (কসবা/নবীনগর/আখাউড়া/নাসিরনগর/কসবা সদর) জোনাল অফিস/(সদর কারিগরী), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
০৯। এজিএম (অর্থ-রাজস্ব/হিসাব)/ওএন্ডএম (বিজয়নগর/সুলতানপুর/শিবপুর/শ্যামগ্রাম সাব জোনাল অফিস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস, পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১২। অফিস কপি/মাস্টার ফাইল/ওয়েবসাইট কপি।

২১/১/২০২২

(প্রকৌশলী মোঃ শহিজাহান তালুকদার)
জেনারেল ম্যানেজার